**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-২৪৩১ তারিখঃ ০৬/১০/২০২৫ খ্রি

# অফিস আদেশ

বিষয়ঃ **বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠন প্রসঙ্গে।**

**১। কার্য, ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ ও প্রাক্কলন কমিটিঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় পরিচালন ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে কার্য, ভৌতসেবা ক্রয়ের নিমিত্তে আহবানকৃত দরপত্রের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৯ অনুসারে অত্র অধিদপ্তরের নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠন করা হলোঃ

**বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি-১:**

| দাপ্তরিক পর্যায় | কার্য ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ সহ দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সেতু ডিজাইন/ সড়ক ও ভবন ডিজাইন/ পানি সম্পদ রক্ষণাবেক্ষণ) (কার্যের শ্রেণীভেদে অধিক্ষেত্র মোতাবেক), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (চেয়ারপারসন)।<br>২। নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৩। নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট জেলা), এলজিইডি (সদস্য)।<br>৪। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট/উইং, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য) [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষ্যে সদস্য নির্ধারণ করতে হবে]।<br>৫। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট (সদস্য সচিব)। | সদর দপ্তর পর্যায়ের যে কোনো মূল্যমানের কার্য ক্রয়ের ক্ষেত্রে (RFQ পদ্ধতিতে ক্রয় এবং পিপিআর, ২০২৫ এর বিধি ৯৯ (ঠ) ও ৯৯ (ড) অনুযায়ী সরাসরি চুক্তির ক্ষেত্র ব্যতীত)। |

**বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি-২:**

| দাপ্তরিক পর্যায় | কার্য বা ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ সহ দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট। (চেয়ারপারসন)।<br>২। সিনিয়র সহকারী প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৩। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট/উইং, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য সচিব)। [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষ্যে সদস্য নির্ধারণ করতে হবে]। | সদর দপ্তর পর্যায়ে RFQ পদ্ধতিতে কার্য বা ভৌতসেবা ক্রয় এবং পিপিআর, ২০২৫ এর বিধি ৯৯ (ঠ) ও ৯৯ (ড) অনুযায়ী সরাসরি চুক্তির ক্ষেত্রে। |

**বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি-৩:**

| দাপ্তরিক পর্যায় | ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে কার্যসম্পাদন বিনির্দেশ সহ দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মাননিয়ন্ত্রণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (চেয়ারপারসন)।<br>২। নির্বাহী প্রকৌশলী (প্রশাসন) (আউটসোর্সিং এর মাধ্যমে ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে)/ নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) (পরিবহন সংক্রান্ত ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে)/ নির্বাহী প্রকৌশলী (ডিজাইন) (অন্যান্য ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৩। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট/উইং, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য) [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষ্যে সদস্য নির্ধারণ করতে হবে]।<br>৪। সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৫। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট (সদস্য সচিব)। | সদর দপ্তর পর্যায়ের যে কোনো মূল্যমানের ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে (RFQ পদ্ধতিতে ক্রয় এবং পিপিআর, ২০২৫ এর বিধি ৯৯ (ঠ) ও ৯৯ (ড) অনুযায়ী সরাসরি চুক্তির ক্ষেত্র ব্যতীত)। |

**বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি-৪:**

| দাপ্তরিক পর্যায় | কার্য, ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ সহ দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| জেলা পর্যায় | ১। নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা (চেয়ারপারসন)।<br>২। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা (সদস্য)।<br>৩। উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা (সদস্য)।<br>৪। উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা (সদস্য)।<br>৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা (সদস্য সচিব)।<br>বিঃদ্রঃ যেসকল কার্য ক্রয়ের সাথে উপজেলা প্রকৌশলীর দপ্তরের সংশ্লিষ্টতা নেই, সেসকল ক্ষেত্রে ক্রমিক নং- ১,২, ও ৩ নং কর্মকর্তার সমন্বয়ে বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠিত হবে। | জেলা পর্যায়ের যেকোন মূল্যমানের কার্য, ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে। |

**বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি-৫:**

| দাপ্তরিক পর্যায় | কার্য, ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ সহ দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| উপজেলা পর্যায় | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা (চেয়ারপারসন)।<br>২। উপ-সহকারী প্রকৌশলী/সার্ভেয়ার, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা (সদস্য)। [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষ্যে সদস্য নির্ধারণ করতে হবে]।<br>৩। উপজেলা সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা (সদস্য সচিব)। [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষ্যে সদস্য নির্ধারণ করতে হবে]। | উপজেলা পর্যায়ের যেকোন মূল্যমানের কার্য, ভৌতসেবা ক্রয়ের ক্ষেত্রে। |

**২। পণ্য ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ ও প্রাক্কলন কমিটিঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় পরিচালন ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে পণ্য ক্রয়ের নিমিত্তে আহবানকৃত দরপত্রের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৯ অনুসারে অত্র অধিদপ্তরের নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠন করা হলোঃ

**বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি-৬:**

| দাপ্তরিক পর্যায় | পণ্য ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ সহ দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানি সম্পদ ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (চেয়ারপারসন)।<br>২। জনাব মোঃ আবু হানিফ মৃধা, নির্বাহী প্রকৌশলী, প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৩। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) (যানবাহন, বৈদ্যুতিক সরঞ্জামাদি ও নির্মাণ যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/ নির্বাহী প্রকৌশলী (মান নিয়ন্ত্রণ) (ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/সিনিয়র সহকারী প্রকৌশলী, আইসিটি (আইটি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/ সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট) (অন্যান্য পণ্য ক্রয়ের ক্ষেত্রে), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৪। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট/উইং, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য) [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষ্যে সদস্য নির্ধারণ করতে হবে]।<br>৫। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট (সদস্য সচিব)। | যে কোনো মূল্যমানের পণ্য ক্রয়ের ক্ষেত্রে (RFQ পদ্ধতিতে ক্রয় এবং পিপিআর, ২০২৫ এর বিধি ৯৯ (ঠ) ও ৯৯ (ড) অনুযায়ী সরাসরি চুক্তির ক্ষেত্র ব্যতীত)। |

**বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি-৭:**

| দাপ্তরিক পর্যায় | পণ্য ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ সহ দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট (চেয়ারপারসন)।<br>২। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) (যানবাহন, বৈদ্যুতিক সরঞ্জামাদি ও নির্মাণ যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/নির্বাহী প্রকৌশলী (মান নিয়ন্ত্রণ) (ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/সিনিয়র সহকারী প্রকৌশলী, আইসিটি (আইটি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/ সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট) (অন্যান্য পণ্য ক্রয়ের ক্ষেত্রে), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৩। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট/উইং, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য-সচিব) [জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রাপ্তি সাপেক্ষ্যে সদস্য নির্ধারণ করতে হবে]। | সদর দপ্তর পর্যায়ে RFQ পদ্ধতিতে পণ্য ক্রয় এবং পিপিআর, ২০২৫ এর বিধি ৯৯ (ঠ) ও ৯৯ (ড) অনুযায়ী সরাসরি চুক্তির ক্ষেত্রে। |

**বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি-৮:**

| দাপ্তরিক পর্যায় | পণ্য ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ সহ দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| জেলা পর্যায় | ১। নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা (চেয়ারপারসন)।<br>২। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা (সদস্য)।<br>৩। উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা (সদস্য)।<br>৪। উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা (সদস্য)।<br>৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা (সদস্য সচিব)। | জেলা পর্যায়ের যেকোন মূল্যমানের পণ্য ক্রয়ের ক্ষেত্রে। |
| | বিঃদ্রঃ যেসকল পণ্য ক্রয়ের সাথে উপজেলা প্রকৌশলীর দপ্তরের সংশ্লিষ্টতা নেই, সেসকল ক্ষেত্রে ক্রমিক নং- ১,২, ও ৩ নং কর্মকর্তার সমন্বয়ে বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠিত হবে। | |

৩। **বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে কর্মপরিধি ও প্রাক্কলন কমিটিঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় পরিচালন ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের নিমিত্তে আহবানকৃত প্রস্তাবের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৯ অনুসারে অত্র অধিদপ্তরের নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি গঠন করা হলোঃ

**বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি-৯:**

| দাপ্তরিক পর্যায় | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে কর্মপরিধি (Terms of Reference) সহ দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পল্লি অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (**চেয়ারপারসন**)।<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৪। নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৫। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট, এলজিইডি (সদস্য-সচিব)। | যে কোনো মূল্যমানের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে। |

৪। সংশ্লিষ্ট ক্রয়কারী উপরোক্ত কমিটির মাধ্যমে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর সংশ্লিষ্ট বিধি, পরিপত্র এবং সময়ে সময়ে জারীকৃত অফিস আদেশ অনুযায়ী কারিগরি বিনির্দেশ/কার্যসম্পাদন বিনির্দেশ/কর্মপরিধি ও দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official cost estimate) প্রস্তুত করবেন।

৫। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৪১ অনুসারে ক্রয়কারী কারিগরি বিনির্দেশ (Technical Specifications) বা অন্যান্য বিনির্দেশ বা বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ে কর্মপরিধি (Terms of Reference) প্রণয়নের ক্ষেত্রে প্রয়োজনে বিশেষজ্ঞের সহায়তাও গ্রহণ করতে পারবেন।

৬। এ সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সকল অফিস আদেশ/পরিপত্র বাতিল করা হলো।

৭। অফিস আদেশটি জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

৩/১০/২০২৫

(মোঃ আনোয়ার হোসেন)
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
ফোনঃ ০২-৫৫০০৭২৪৮
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-২৪৯/১ (৭৫০) তারিখঃ ০৬/১০/২০২৫ খ্রিঃ

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি।
৩। প্রকল্প পরিচালক (সকল)............................................................ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ ..........................................................................।
৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ........................... উপজেলা, জেলাঃ .................................।
৬। অফিস কপি।

৬/১০/২০২৫

(মোঃ গোলাম ইয়াজদানী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.) (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৪৪৮২৬২১৯
ইমেইলঃ se.procurement@lged.gov.bd